



প্রেস বিজ্ঞপ্তি

"উদ্ভাবকের কাজের অগ্রগতি" বিষয়ক কর্মশালার আয়োজন করেছে উদ্ভাবনী ল্যাব বাংলাদেশ

১৯শে সেপ্টেম্বর, ২০১৮।
উদ্ভাবনী ল্যাব, ঢাকা।

আজ ১৯শে সেপ্টেম্বর ২০১৮ তারিখে সকাল ১০টায়, ঢাকা কমিউনিটি মেডিকেল কলেজের প্রফেসর কাজী আবুল মনসুর অডিটোরিয়াম এ দুর্যোগ ও জরুরী প্রস্তুতিমূলক উদ্ভাবনী ল্যাব বাংলাদেশ ও ইউনিভার্সিটি অফ নিউ সাউথ ওয়েলস (ইউ এন এস ডাব্লিউ) এর পরিচালনায় **"উদ্ভাবকের কাজের অগ্রগতি"** বিষয়ক এক কর্মশালার আয়োজন করেছে।

ঢাকা কমিউনিটি হাসপাতাল, সিডস টেকনিক্যাল সার্ভিস, ভারত; সেন্টার ফর রিসার্চ অন দা এপিডেমোলোজি, বেলজিয়াম; ইউনিভার্সিটি অফ নিউ সাউথ ওয়েলস, অস্ট্রেলিয়া; এবং এশিয়ান ডিজাস্টার রিডাকশন এন্ড রেসপন্স নেটওয়ার্ক, এই ৫ সহযোগী প্রতিষ্ঠানের সম্মিলিত উদ্যোগে গঠিত উদ্ভাবনী ল্যাব বাংলাদেশ। এটি ইউকে এইড এর অর্থায়নে এবং স্টার্ট নেটওয়ার্ক ও সি.ডি.এ.সি. নেটওয়ার্কের সহ ব্যবস্থাপনায় পরিচালিত গ্লোবাল ল্যাব এর একটি অংশ।

গত ১৭ই অক্টোবর ২০১৭ ইং তারিখ থেকে উদ্ভাবনী ল্যাব বাংলাদেশ এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। এই ল্যাব স্বাস্থ্য, নির্মিত পরিবেশ, যোগাযোগ ব্যবস্থা ও সামাজিক উদ্যোগ খাতে উদ্ভাবনী ধারণার খোঁজে "নিরাপদ সমাজের জন্য উদ্ভাবন" শিরোনামে একটি ক্যাম্পেইন শুরু করে বিগত ২৫শে ডিসেম্বর ২০১৭ থেকে ৩১শে জানুয়ারী ২০১৮ পর্যন্ত। এর পর বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে নির্ধারণ করা হয় ৮৩টি থেকে বাছাইকৃত সেরা ১২ উদ্ভাবনী ধারণা। গত ২৪শে এপ্রিল, ২০১৮ ইং তারিখে উক্ত ধারণাগুলো ঘোষণা করা হয় এবং ২৫শে এপ্রিল থেকেই উদ্ভাবকগণ জরিপ, গবেষণামূলক অন্যান্য কার্যক্রম শুরু করে।

এই কর্মশালায় উদ্ভাবকগণ তাদের কাজের ধারা, পদ্ধতি, ধারণা একে অপরের সাথে বিনিময় করেন এবং মূল্যায়ন করেন। একই সাথে তারা সম্ভাব্য প্রতিকূলতা বা সমস্যা সমাধান নিয়ে আলোচনা করেন।

উক্ত অনুষ্ঠানে ১২জন উদ্ভাবক সহ স্টার্ট নেটওয়ার্ক এর ডেপ ল্যাব প্রোগ্রাম ম্যানেজার নীল টাউনসেন্ড, ঢাকা কমিউনিটি হাসপাতাল ট্রাস্ট এর সমন্বয়কারী প্রফেসর মাহমুদুর রহমান, প্রকল্প ও গবেষণা বিভাগের পরিচালক মোঃ গোলাম মোস্তফা, উদ্ভাবনী ল্যাব বাংলাদেশ এর সকল সদস্য এবং সহযোগী প্রতিষ্ঠান ও ইউনিভার্সিটি অফ নিউ সাউথ ওয়েলস (ইউ এন এস ডাব্লিউ) এর সহযোগী গবেষক লরা ব্রুস, সিডস ইন্ডিয়া'র পরিচালক ডঃ আংসু শর্মা, সিডস ইন্ডিয়া'র স্থপতি ভায়াসদেভ ইয়েংখম, সি আর ই ডি এর গবেষক জরিস ভ্যান লেনাউট, তাকেশি কোমিনো, এ ডি আর আর এন এর মহাসচিব ও এ ডি আর আর এন এর প্রাদেশিক উদ্ভাবনী সমন্বয়কারী, আইকিউ উচিডা উপস্থিত ছিলেন। এছাড়াও এ আয়োজনে বিভিন্ন প্রতিষ্ঠানের বিজ্ঞ ব্যক্তিবর্গ সহ ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়া'র কর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

